

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস আইসিডি
কমলাপুর, ঢাকা
www.chicd.gov.bd

নথি নং- ৫-কাস(২০৮) কাস্টমস অটোমেশন/আইসিডি/২০২৩/

তারিখ: /০৮/২০২৪ খ্রি।

বিষয় : **IM-4 সংশ্লিষ্ট আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণ।**

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১২৪ তারিখ: ২০/০৮/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, IM-4 এর আওতায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে <https://bdcams.bdcustoms.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে আবেদনের নির্দেশনা রয়েছে। IM-4 এর অধীনে খালাস করা হয় এমন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে তাদের মনোনীত ৩টি সিএন্ডএফ প্রতিষ্ঠান সংযুক্তিকরণের সময়সীমা আগামী ০৫.০৯.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করেছেন। এ অবস্থায়, সংযুক্তি নেই এমন সিএন্ডএফ এজেন্টগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে IM-4 সংশ্লিষ্ট কোন ধরনের কার্যক্রম গ্রহণ করতে পারবেন না। সকল স্টেকহোল্ডারগণকে উল্লিখিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করার জন্য বলা হলো।

০৩। বিষয়টি সকল আমদানিকারক এবং আপনার এসোসিয়েশনের সদস্যভুক্ত সকল সিএন্ডএফ এজেন্টকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।

শ্রীঃ
জোবায়দা খানম
ডেপুটি কমিশনার
কমিশনারের পক্ষে
ফোন: ০২-৯৩৩৩৮৪৩

প্রাপক : সভাপতি/সাধারণ সম্পাদক,
ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন, ৩/সি, নিউ বেইলী রোড, ঢাকা।

নথি নং- ৫-কাস(২০৮) কাস্টমস অটোমেশন/আইসিডি/২০২৩/৭২৭৪(৩০)

তারিখ: ২৬/০৮/২০২৪ খ্রি।

অনুলিপি: সদয় অবগতির জন্য :

১। অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।

২। যুগ্ম কমিশনার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।

৩। দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্রট-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

৪। ডেপুটি/সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা। (তাকে উক্ত বিষয়টি সিস্টেমে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

২। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।

৩। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।

৪। পি এ টু কমিশনার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

জোবায়দা খানম
ডেপুটি কমিশনার